গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
এমআইএস
www.coop.gov.bd
সমবায় অধিদপ্তর, এফ-১০, আগারগাঁও সিভিক সেক্টর,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

"বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"
জরুরি

স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০৪৪.১৮.০০২.২১.২১৯

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

বিষয়: **সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন)/২২ পরিবীক্ষণ প্রতিবেদন, বাস্তবায়ন প্রতিবেদন, প্রমাণক ও স্বমূল্যায়ন প্রতিবেদন প্রেরণ**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নির্দেশনা মোতাবেক

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ নির্দেশনার আলোকে সমবায় অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির (সিটিজেন চার্টার) ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন)/২২ পরিবীক্ষণ প্রতিবেদন, বাস্তবায়ন প্রতিবেদন, প্রমাণক ও স্বমূল্যায়ন প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি:পরিবীক্ষণ প্রতিবেদন, বাস্তবায়ন প্রতিবেদন, স্বমূল্যায়ন প্রতিবেদন, প্রমাণক [১.১] পরিবীক্ষণ কমিটির সভা সংক্রান্ত, প্রমাণক [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, প্রমাণক [২.১] প্রশিক্ষণ সংক্রান্ত, প্রমাণক [২.২] অবহিতকরণ সভার কার্যবিবরণী।

৩০-৬-২০২২

ড. মোঃ হারুন-অর-রশিদ বিশ্বাস
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: +৮৮-০২-৪৮১১৯৩০৫
ফ্যাক্স: +৮৮-০২-৯১৩৯৫৬৫
ইমেইল: reg.dg@coop.gov.bd


সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

## ১.১) নাগরিক সেবা

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১. | ক) একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা প্রদান | ১. নিবন্ধন আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা গ্রহণ<br>২. প্রত্যেক সদস্যের কমপক্ষে একটি শেয়ার ও একটি শেয়ারের সমপরিমাণ সঞ্চয় সমিতিতে জমা প্রদান।<br>৩. সদস্য বহিতে সদস্যগণের নাম লেখা ও স্বাক্ষর গ্রহণ, জমা-খরচ বহি, শেয়ার ও সঞ্চয় খতিয়ান,সাধারণ খতিয়ানে শেয়ার, সঞ্চয়, ভর্তি ফি, অন্যান্য আয়-ব্যয় লেখা<br>৪. আবেদনকারীগণ কর্তৃক (কমপক্ষে ২০জন) সাংগঠনিক সভাকরণ, সভায় সমিতির নাম, সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা নির্ধারণ, অনুমোদিত শেয়ারের পরিমাণ নির্ধারণ, কমিটি সদস্য সংখ্যা (৬/৯/১২) নির্ধারণ, আবেদনপত্র দাখিল ও অন্যান্য কাজে অফিসের সাথে যোগাযোগের জন্য তিনজন সদস্যকে ক্ষমতা প্রদান করতে হবে।<br>৫. সাংগঠনিক সভায় সমিতির জন্য প্রযোজ্য উপ-আইন অনুমোদন, আয়-ব্যয় বা জমা-খরচ হিসাব অনুমোদন, পরবর্তী দুই বছরের বার্ষিক বাজেট অনুমোদন<br>৬. স্থানীয় মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অফিস ঘর ভাড়া সংক্রান্ত প্রত্যয়ন।<br>৭. সকল সদস্যের (কমপক্ষে ২০জন) স্বাক্ষরিত আবেদন পত্র পূরণ করে দাখিল করা। আবেদনে সংগঠক ও ক্ষমতাপ্রাপ্তদের নাম স্বাক্ষর থাকতে হবে।<br>৮. নিবন্ধন ফি ৩০০ টাকা এবং ভ্যাট ১৫% চালানের মাধ্যমে জমা প্রদান<br>৯. চেক লিস্ট মোতাবেক কাগজপত্র সংযুক্ত করা<br>১০.উপজেলা সমবায় অফিসে দাখিল।<br>একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ১৮ (আঠার) বছর বয়সের উর্ধ্বে কমপক্ষে ২০ (বিশ)জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা,২০১৩ অনুযায়ী উপজেলা/থানা সমবায় অফিসে দাখিলের পর উক্ত আবেদনপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শক দ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা/থানা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি আবেদনকারীর রেকর্ডপত্র সুপারিশসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। অনুরূপভাবে জেলা সমবায় অফিসার বিভাগীয় যুগ্মনিবন্ধক বরাবর, আবেদন যথাযথ থাকলে বিভাগীয় যুগ্মনিবন্ধক সুপারিশসহ অগ্রায়ন করবেন নিবন্ধক ও মহাপরিচালক বরাবর। নিবন্ধনের বিষয়ে নিবন্ধক আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-আইনসহ যাবতীয় রেকর্ডপত্র নিবন্ধন প্রদান করে নিবন্ধন সনদ ইস্যু করেন। এবং এক প্রস্ত নিবন্ধন সনদ ও এককপি নিবন্ধিত উপ-আইন আবেদনকারীকে দিবেন। | - |
| ২. | খ) একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায় সমিতি/ জাতীয় | একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায় সমিতি/ জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য সাধারণ জনগণ সরাসরি আবেদন করতে পারে না। এক্ষেত্রে কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন পেতে কমপক্ষে ১০ (দশ) টি প্রাথমিক এবং জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ১০ (দশ) টি কেন্দ্রীয় সমবায় সমিতি একত্রিত হয়ে | - |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা প্রদান | বিধি মোতাবেক নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়।<br>ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক নিবন্ধনের আবেদন সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ে দাখিল করতে হয়। উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরেজমিন যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্মনিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। অনুরূপভাবে বিভাগীয় যুগ্মনিবন্ধক সুপারিশসহ নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করবেন।<br>আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালকের বিবেচনায় সমিতিটি নিবন্ধনযোগ্য হলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | |
| ৩. | একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী প্রাথমিক সমবায়/একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায়/জাতীয় সমবায় সমিতির উপ-আইন সংশোধনে সহযোগিতা প্রদান | ১. উপ-আইনের সংশোধনযোগ্য অনুচ্ছেদ বা বিধান চিহ্নিতকরণ<br>২. ব্যবস্থাপনা কমিটির সভায় অনুচ্ছেদ/অনুচ্ছেদসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন<br>৩. উপ-আইন সংশোধনের উদ্দেশ্যে আহুত সংখ্যাগরিষ্ট সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সাধারণ সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে অনুমোদন।<br>৪. বিধি ৯(২) এর ফরম-৪ অনুযায়ী আবেদন<br>৫. বিদ্যমান প্রতিস্থাপনযোগ্য এবং প্রস্তাবিত (নতুন) বিধানসমূহের তুলনামূলক বিবরণী।<br>৬. সংশোধনের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা।<br>৭. বাতিলযোগ্য উপ-আইনের কপি সম্পূর্ণ।<br>৮. প্রতিস্থাপনযোগ্য নতুন উপ-আইন তিন প্রস্ত।<br>৯. সর্বশেষ অডিট প্রতিবেদনের কপি।<br>১০. ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন<br>১১. সাধারণ সভার রেজুলেশন।<br>১২. নিবন্ধন ফি জমা প্রদান।<br>১৩. নির্ধারিত ফর্মে আবেদন দাখিল<br><br>ব্যবস্থাপনা কমিটির তিনজনের স্বাক্ষরে আবেদন সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করার পরে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। জেলা সমবায় অফিসার নিজে সরেজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র যুগ্ম নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। অনুরূপভাবে যুগ্মনিবন্ধক সুপারিশসহ নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করবেন।<br>আবেদন প্রাপ্তির পর নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপআইন সংশোধন নিবন্ধন করে সংশোধিত উপআইন এবং নিবন্ধন সনদ আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | - |
| ৪. | জাতীয় সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন | ১. সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট প্রস্তুত ও প্রাক্কলন প্রণয়নের জন্য ব্যবস্থাপনা কমিটির একজন সদস্যকে প্রধান করে (কমপক্ষে ৩সদস্য বিশিষ্ট) একটি “বাজেট প্রণয়ন কমিটি” গঠন করা। | ১. বাংলাদেশ সমবায় মার্কেটিং সোসাইটি লিঃ এর বার্ষিক ২০২১-২২ |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | গ্রহণে সহায়তা প্রদান | ২. গঠিত কমিটি সমিতির চলতি বৎসরের প্রকৃত আয়-ব্যয়ের ভিত্তিতে পরবর্তী বৎসরের জন্য একটি বাজেট প্রাক্কলন প্রস্তুত করা।<br>৩. প্রস্তুতকৃত বাজেটে কমিটির সকল সদস্য স্বাক্ষর করে ব্যবস্থাপনা কমিটির সভাপতি বরাবর উপস্থাপন করা।<br>৪. বাজেট কমিটি কর্তৃক প্রস্তুতকৃত বাজেট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ (খাতওয়ারী ব্যয়, বরাদ্দ প্রস্তাবের যৌক্তিতা, বিস্তারিত ব্যয় বিভাজন ও প্রমাণসহ)।<br>৫. ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত বাজেট সমিতির বার্ষিক সাধারণ সভায় (ক্ষেত্রমত সাধারণ সভায়) উপস্থাপন ও অনুমোদন গ্রহণ।<br>৬. যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সে সকল সমবায় সমিতির বার্ষিক বাজেট সাধারণ সভায় অনুমোদনের পর নিবন্ধক এর নিকট হতে অনুমোদন গ্রহণের জন্য দাখিল করা।<br>৭. বাজেট প্রস্তাব ছক মোতাবেক প্রস্তুত করতে হবে। ছকে বিগত বছরের অনুমোদন, চলতি বৎসরে ১ম ৯ মাসের প্রকৃত ব্যয়, পরবর্তী বৎসরের প্রস্তাব সংক্রান্ত তথ্য থাকবে।<br>বাজেট সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়ঃ<br>**জাতীয় সমবায় সমিতি বাজেট**<br>সমিতির প্রস্তাবিত বাজেট অনুমোদনের আবেদন প্রাপ্তির পর প্রস্তাবিত বাজেট যাচাই বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন করে অনুমোদিত বাজেটের কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | অর্থ বছরের বাজেট ২৮.০৪.২০২২ খ্রি. তারিখে অনুমোদন করা হয়েছে।<br>২. বাংলাদেশ জাতীয় সমবায় শিল্প সমিতি লিঃ এর বার্ষিক ২০২১-২০২২ অর্থবছরের বাজেট ০৬.০৪.২০২২ খ্রি. তারিখে অনুমোদন করা হয়েছে। |
| ৫. | বিনিয়োগ প্রস্তাব/প্রকল্প প্রস্তাব/ক্রয় প্রস্তাব অনুমোদন গ্রহণে সহযোগিতা প্রদান | নিম্নে বর্ণিত ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদনের জন্য-<br>১. বিনিয়োগ প্রস্তাব, ক্রয় প্রস্তাব বা প্রকল্প প্রস্তাব তৈরি করা<br>২. প্রস্তাবের প্রাক্কলন তৈরিতে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ এর অনুমোদন গ্রহণ<br>৩. বিনিয়োগ/প্রকল্প এলাকার কর্তৃপক্ষের অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে- ভবন নির্মাণে পৌরসভা/সিটি কর্পোরেশন এর এবং কলকারখানার ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র/সম্মতিপত্র গ্রহণ<br>৪. এ খাতে বাজেটে অর্থসংস্থান সংক্রান্ত কাগজ সংগ্রহ<br>৫. উপযুক্ত প্রকৌশলী দ্বারা স্থাপত্য নক্সা তৈরি<br>৬. জমির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>কোন সমিতির যদি সরকারী শেয়ার, ঋণ বা ঋণ পরিশোধের গ্যারান্টি থাকে তবে বার্ষিক বাজেট অনুমোদন করার পরও জাতীয় সমিতির ক্ষেত্রে একক খাতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ, ১০ লক্ষ টাকার বেশি মূল্যের যন্ত্রপাতি, উপকরণ বা যানবাহন ক্রয় বা কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে নিবন্ধকের পৃথক অনুমোদন গ্রহণ করতে হয়। সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর, পিপিএ) অনুসরণপূর্বক ক্রয়/নির্মাণ কাজ সম্পাদন করতে হব। আবেদন পাওয়ার পর প্রস্তাবিত প্রকল্প/বিনিয়োগ যাচাই বাছাইপূর্বক অনুমোদন করে অনুমোদিত কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | ১. এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৯.৪১.০০২.২১.৯৪ তারিখ: ০৬/০৬/২০২২ খ্রি. মূলে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ভিটা) এর প্রিন্টেড পলিফ্লিম ২০০,০০০ (দুই লক্ষ) কেজি সর্বমোট ৮,১০,০০,৬০০ টাকার মালামাল ক্রয়ের পূর্বানুমোদন প্রদান করা হয়েছে। |
| ৬. | নির্বাচন কমিটি নিয়োগে সহযোগিতা প্রদান | ১. বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি তার নিজের মেয়াদের শেষদিন চিহ্নিতকরণ।( কমিটি যে তারিখে ১ম সভা করেছে তিন বছর পর ঐ তারিখের আগের দিন মেয়াদের শেষ দিন হবে।) | ০১. কিংশুক বহুমূখী সমবায় সমিতি লিঃ এর ৩০.০৪.২০২২ তারিখের |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | ২. মেয়াদ শেষ হওয়ার আগেই নির্বাচন অনুষ্ঠানে তারিখ ধার্যকরণ।( তারিখে অবশ্যই নিজ মেয়াদের মধ্যে হবে।)<br>৩. বিদ্যমান সদস্য তালিকার ভিত্তিতে খসড়া ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশ।<br>৪. ধার্য তারিখের কমপক্ষে ৬০দিন আগে নোটিশ জারীকরণ।<br>৫. নোটিশের কপি সকল সদস্যকে প্রাপ্তি নিশ্চিতকরণ।("সার্টিফিকেট অব পোস্টিং বা রেজিস্ট্রি ডাক/রেজিস্টারে প্রাপ্তি স্বাক্ষর গ্রহণ/ইমেইল/স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন" যে কোন দুটি মাধ্যমে)<br>৬. ৬০দিনে পূর্বেই নোটিশের কপি সংশ্লিষ্ট সমবায় অফিসে দাখিল।(নোটিশের সাথে খসড়া তালিকাসহ, উপরি উক্ত সিদ্ধান্তসহ ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন সংযুক্ত)<br>৭. ব্যাপক প্রচার করতে হবে।(এলাকায় মাইকের মাধ্যমে এবং জাতীয় সমিতির ক্ষেত্রে বহুল প্রচারিত ১ম শ্রেণির জাতীয় দৈনিক পত্রিকায়)<br>৮. নির্বাচন কমিটি নিয়োগের জন্য নির্বাচনের ঘোষিত তারিখের কমপক্ষে ৪৫ দিনে পূর্বে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর আবেদন দাখিল (আবেদনের সাথে নির্বাচনী নোটিশ, খসড়া ভোটার তালিকা সংযুক্ত)।<br>৯. নিবন্ধক কর্তৃক ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি নিয়োগ<br>সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) অনুযায়ী সমবায় সমিতির নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর। ফলে মেয়াদ পূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করা হয়। নির্বাচনের ৪৫ দিন পূর্বে জাতীয় সমবায় সমিতি কর্তৃক নিবন্ধক ও মহাপরিচালক বরাবর নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিটি গঠনের জন্য আবেদন করতে হয়। দাখিলকৃত আবেদনপত্র কর্তৃপক্ষ যাচাইবাচাইপূর্বক নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ জারি করেন | ব্যবস্থাপনা কমিটির ০৩ নং আলোচ্য বিষয় অনুযায়ী ব্যবস্থাপনা কমিটির নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের আলোকে ২৩.০৭.২০২২ তারিখ রোজ শনিবার পরবর্তী মেয়াদে ব্যবস্থাপনা কমিটর নির্বাচনের তারিখ নির্ধারিত হয়েছে। সে প্রেক্ষিতে বিগত ১৬/০৫/২০২২ তারিখে বিশেষ সাধারণ সভার মাধ্যমে নির্বাচনের নোটিশ ও খসড়া ভোটার তালিকা প্রণয়ন করেন এবং আসন্ন নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠুভাবে করার জন্য এ দপ্তরে পত্র প্রেরণ করেন। সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৬ (২) বিধি মোতাবেক ই-নথির নং-০৯.০৬.২০২২ তারিখের ৪১ নং স্মারকে রেজিস্টার মহোদয় কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিটি নিয়োগ করা হয়।<br>০২. সোনার বাংলা কটন মিলস লিঃ এ বিগত ০৩.০৪.২০২২ খ্রি. তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনী ফলাফলসহ অন্যান্য কাগজপত্রাদি সমবায় অধিদপ্তরের উৎপাদনমূখী শিল্প শাখায় সংরক্ষিত আছে। |
| ৭. | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিজের মেয়াদ গণনা করা।<br>২. মেয়াদের মধ্যে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে মেয়াদ পূর্তির আগে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য আবেদন করা।<br>৩. সাধারণ সভায় কমিটি ভেঙ্গে দেওয়া হলে এবং<br>৪. কমিটির সকল সদস্য এক সাথে পদত্যাগ করলে (যদি কোরাম সংখ্যক সদস্য বহাল না থাকে) তবে ভেঙ্গে যাওয়া কমিটির সভাপতির আবেদন করা।<br>সমবায় সমিতি আইন অনুযায়ী প্রতিটি সমবায় সমিতির নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর, | - |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | নিবন্ধনকালীন নিয়োগকৃত ১ম ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ২ (দুই) বছর এবং অন্যান্য কমিটি (অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি)'র মেয়াদ ১২০ দিন। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে না পারলে ব্যবস্থাপনায় শূন্যতা সৃষ্টি হয়। ব্যবস্থাপনায় শূন্যতা সৃষ্টির আগেই (মেয়াদ শেষের কমপক্ষে ১০দিন পূর্বে) অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের অনুরোধ করে নিবন্ধক বরাবর আবেদন দিতে হয়। আবেদন পাওয়া গেলে অথবা আবেদন পাওয়া না গেলেও সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ পূর্তির পর সমিতির ব্যবস্থাপনা পরিচালনার জন্য ১২০ দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়। | |
| ৮. | বিরোধ মামলা ও আপীল নিষ্পত্তি | যে যে ক্ষেত্রে সমবায় অফিসে বিরোধ মামলা-আপীল করা যাবে<br>১. সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রত্যাখান হলে- নিবন্ধক ও মহাপরিচালক বরাবর- পুনর্বিবেচনার জন্য ৩০দিনের মধ্যে-ধারা ১০<br>২. জাতীয় সমিতির সদস্য পদ বহাল বা বাতিল সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির আদেশের বিরুদ্ধে- নিবন্ধক বরাবর- আপীল-বিধি ১০/ধারা ৫০<br>৩. ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি বা বাতিল বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের বিরুদ্ধে-নিবন্ধক বরাবর-আপীল-বিধি ৩০(৫)<br>৪. নির্বাচনে প্রার্থিতা বাতিল বা বহাল রাখার বিষয়ে নির্বাচন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে-নিবন্ধক বরাবর-আপীল-তফসীল মোতাবেক(তালিকা প্রকাশের দুই কর্মদিবসের মধ্যে)-বিধি ২৯/ধারা ৫০(১)(ঙ)<br>৫. নির্বাচন অনুষ্ঠানের পরে নির্বাচনের ফলাফলে সংক্ষুব্ধ প্রার্থী-ফলাফল প্রকাশের ৩০দিনের মধ্যে-ধারা ৫০(১)(ঙ)<br>৬. আইনের ২২ ধারায় ব্যবস্থাপনা কমিটি ভেঙ্গে দেয়া বা কমিটির কোন সদস্যকে বহিষ্কার করা সংক্রান্ত বিভাগীয় যুগ্মনিবন্ধকের সিদ্ধান্তের বিরুদ্ধে-আপীল -আদেশ জারীর ৩০ দিনের মধ্যে-ধারা ২২(৫)<br>৭. বিভাগীয় যুগ্মনিবন্ধকের নিবন্ধন বাতিল আদেশ বা সমিতির অবসায়ন আদেশ বা যেকোন নির্বাহী আদেশের বিরুদ্ধে - আদেশ জারীর ৩০ দিনের মধ্যে-বিধি ১১৯(4)<br>৮. সমবায় সমিতির কার্যক্রম সংক্রান্ত যে কোন বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর-বিরোধ মামলা-বিরোধের কারণ উদ্ভব হওয়ার পরবর্তী ১৮০দিনের মধ্যে-ধারা ৫০<br>৯. বিরোধ মামলা-আপীল মামলা সাদা কাগজে বা ননজুডিশিয়াল স্ট্যাম্পে ১০০ টাকার কোর্ট ফি যুক্ত করে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর বাদীর নাম, বিবাদীর নাম, মামলার বিষয় ও মামলার দফাওয়ারি আরজি, আবেদনকারীর স্বাক্ষর করে জমা প্রদান<br>নিবন্ধক মামলটি গ্রহণ করে নিজে শুনানীর জন্য গ্রহণ করবেন অথবা সালিশকারী নিয়োগ করবেন। এ বিরোধ মামলায় আইনজীবী নিয়োগ নিষিদ্ধ। | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২২ এর ১টি নির্বাচনী আপীল নিষ্পত্তি করা হয়েছে। |
| ৯. | অভিযোগ প্রতিকারে সহযোগিতা প্রদান | ১. সাদা কাগজে অভিযোগ পত্র<br>২. অভিযোগ পত্রে স্বাক্ষর ও তারিখ।<br>(সমিতির মোট সদস্যের কমপক্ষে ১০% সদস্যের স্বাক্ষর অথবা সমিতির ব্যবস্থাপনা কমিটির মোট সদস্যের তিন ভাগের একভাগ সদস্যের স্বাক্ষর থাকবে)<br>৩. নিবন্ধক বরাবর দাখিল | ০১. নেত্রকোনা জেলার কলমাকান্দা উপজেলাধীন বড়খাপন পুটিকা মিলন মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ যার নিবন্ধন নং-৫৯, তারিখ-২৬/০২/২০২১ খ্রি. এর সমিতির |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | ৪. অডিট প্রতিবেদনে গুরুতর অনিয়ম ও আইন লংঘনের বিষয় উল্লেখ থাকলে সে প্রতিবেদনের রেফারেন্স ব্যবহার করে আবেদন করতে পারবে।<br>৫. সমিতি যদি কোন অর্থ সরবরাহকারী সংস্থার সদস্য হয় তবে ঐ অর্থ সরবরাহকারী সংস্থার লিখিত অভিযোগের প্রেক্ষিতে<br>৬. মাঠ পর্যায়ের কোন কর্মকর্তা তদন্তের সুপারিশের প্রেক্ষিতে<br>অভিযোগ প্রাপ্তির পর নিবন্ধক কর্তৃক ধারা ৪৯ মোতাবেক তদন্তের আদেশ দেয়া হয়, তদন্তকর্মকর্তা নিয়োগ দেয়া হয় এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>সমিতির কার্যক্রম ব্যতীত অন্যান্য বিষয়ে যে কোন ব্যক্তি সাদা কাগজে লিখিতভাবে মোঃ কামরুজ্জামান, উপনিবন্ধক প্রশাসন, অভিযোগ নিষ্পত্তি অফিসার অভিযোগ করতে পারবে। | সদস্য তালিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচন কমিটি কর্তৃক জাতীয় পরিচয় পত্রের ভোটার তালিকায় সংযুক্তি রেকর্ডপত্রে উল্লিখিত ব্যক্তিগণ পেশায় মৎস্যজীবীর বদৌলতে কৃষক উল্লেখ থাকায় উক্ত সমিতির নিবন্ধন সরাসরি বাতিলের আবেদন সংক্রান্ত অভিযোগটি জেলা সমবায় অফিসার, নেত্রকোণা কর্তৃক তদন্ত করতঃ নিষ্পত্তি করা হয়েছে।<br>০২. এ দপ্তরের স্মারক নং-৫০, তারিখ-২২/০৩/২০২২ খ্রিঃ মূলে কিংশুক বহমূখী সমবায় সমিতি লিঃ অভিযোগের বিষয়ে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪১(১) এর ধারায় প্রদত্ত তদন্ত সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিল সময়সীমা ০২ (দুই) মাস বৃদ্ধি করা হয়েছে।<br>০৩. মার্কেট শাখার আওতাধীন ১২টি প্রাথমিক বহমূখী সমবায় সমিতি লিঃ সংক্রান্ত ব্যক্তি/সদস্য পর্যায়ে দাখিলকৃত অভিযোগ সমবায় আইন ও বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ১০. | অবসায়ন প্রদান | ১. অবসায়নের উদ্দেশ্যে বিশেষ সাধারণ সভা আহবান(পনের দিন পূর্বে নোটিশ দিয়ে, নোটিশে আলোচ্যসূচিতে অবসায়নের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি উল্লেখ থাকবে)<br>২. সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যের মতে সমিতি অবসায়নের সিদ্ধান্ত গ্রহণ।<br>৩. সাধারণ সভার সিদ্ধান্তের উল্লেখ করে সাদা কাগজে অবসায়নের আবেদন।<br>৪. নিবন্ধক সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়নের আদেশ দিবেন এবং একজন অবসায়ক নিয়োগ করবেন। | ১. বাংলাদেশ অটোটেম্পু, পোর্টার ক্যাব, মিনিবাস ও বাস চালক সমবায় সমিতি লিঃ এর কার্যক্রম না থাকায়, ২০০৮ সালের পর থেকে নির্বাচন না হওয়ায়, ২০১০ সালের পর থেকে এজিএম না হওয়ায় বিগত |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | এছাড়াও নিম্নলিখিত ক্ষেত্রে নিবন্ধক নিজ উদ্যোগে অবসায়ন আদেশ দিতে পারে<br>৫. সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদন বা ৪৯ ধারার অধীন অনুষ্ঠিত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে<br>৬. সমিতির পরপর তিনটি বার্ষিক সাধারণ সভায় যদি কোরাম না হয়<br>৭. সমিতি নিবন্ধিত হওয়া সত্ত্বেও যদি বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে উহার কার্যক্রম শুরু না করে<br>৮. সমিতির কার্যক্রম বিগত ০১ (এক) বছর যাবৎ বন্ধ থাকে<br>৯. পরিশোধিত শেয়ার মূলধন বা সঞ্চয় আমানত বিধি দ্বারা নির্ধারিত পরিমাণ (সাধারণত নিবন্ধনের জন্য প্রয়োজনীয়, বর্তমানে এ পরিমাণ ২০,০০০ টাকা) এর কম হয়ে যায়<br>১০. এই আইন বিধিমালা বা উপ আইনে উল্লিখিত নিবন্ধন সংক্রান্ত কোন শর্ত ভঙ্গ করা হয়।<br>আবেদন পাওয়া গেলে বা প্রযোজ্য ক্ষেত্রে স্ব-উদ্যোগে সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়ন আদেশ দেয়া হয় এবং অবসায়ক নিয়োগ করা হয়। অবসায়কের প্রতিবেদনের ভিত্তিতে নিবন্ধন বাতিল করা হয়। | ১৭/০৮/২০১৭ খ্রি. তারিখ আদেশ নং-১৫০ মূলে সমবায় সমিতি আইন ২০০১ এর ৫৩(গ)(ঙ) ধারা মোতাবেক অবসায়ন ন্যস্ত করা হয়। এবং অবসায়ক কর্তৃক একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে। সে মোতাবেক নিবন্ধন বাতিলের বিষয়ে যাচাই বাছাই চলমান রয়েছে।<br>২. বাংলাদেশ গণপরিবহন চালক সমবায় সমিতি লিঃ এর পদ্ধতি কার্যক্রম না থাকায় বিগত ১৮/১১/২০১৪ খ্রি. আদেশ নং-২২৯ মূলে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ) ধারা মোতাবেক অবসায়নে ন্যস্ত করা হয় এবং অবসায়ক কর্তৃক একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ১১. | সমবায় সমিতির লভ্যাংশ বিতরণের অনুমতি প্রদান | কোন জাতীয় সমবায় সমিতি পরিশোধিত শেয়ারের ৭৫% পরিমাণ অর্থ অবন্টিত তহবিল হতে লভ্যাংশ হিসেবে সদস্যের মাঝে বিতরণ করতে পারবে। যদি অবন্টিত লাভ বেশি থাকে এবং সমিতি যদি ৭৫% এর বেশি বন্টন করতে চায় তবে নিবন্ধকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।<br>১. ব্যবস্থাপনা কমিটি অডিট প্রতিবেদনের ভিত্তিতে অবন্টিত লাভ থেকে কি পরিমাণ বন্টন করা যায় তা নির্ধারণ। (এ ক্ষেত্রে অবন্টিত লাভ থেকে বিগত বৎসরের ক্ষতি বাদ দিয়ে হিসেব করতে হবে।)<br>২. সাধারণ সভা আহ্বান (১৫ দিনের নোটিশ দিয়ে)<br>৩. ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে বন্টনযোগ্য মুনাফার অনুমোদন গ্রহণ<br>৪. বন্টনযোগ্য লাভ যদি পরিশোধিত শেয়ারের ৭৫% এর বেশি হয় তবে-<br>৫. সাদা কাগজে নিবন্ধক বরাবর আবেদন দাখিল | - |
| ১২. | সমবায় সমিতির নিরীক্ষ ফি মওকুফকরণ | ১. সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ<br>২. সাদা কাগজে আবেদন দাখিল<br>৩. আবেদনে মওকুফের যুক্তিযুক্ত কারণ উল্লেখকরণ | - |
| ১৩. | বিরোধ মামলা-আপীলর প্রত্যায়িত নকল প্রদান | মামলার বাদী বা বিবাদী কোন পক্ষের সাদা কাগজে আবেদন<br>নিবন্ধক কর্তৃক নকলের ফি নির্ধারণ | - |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| | | নির্ধারিত ফি কোর্ট ফি আকারে জমা প্রদান | |
| ১৪. | সরকারী দলিল পরিদর্শন | **পরিদর্শনের জন্য**<br>১. সাদা কাগজে আবেদন<br>২.কোর্ট ফি আকারে ১০০ টাকা জমা।<br>**যে সকল দলিল দেখা যাবে**<br>১. কোন সমবায় সমিতির নিবন্ধন সনদ<br>২.কোন সমবায় সমিতির উপ-আইন ও উহার সংশোধনীসমূহ<br>৩. কোন সমবায় সমিতির অবসায়নের আদেশ<br>৪.কোন সমবায় সমিতির নিবন্ধন বাতিলের আদেশ<br>তবে শর্ত থাকে যে, Evidence act 1872 এর section 123, 124,129 এবং 131 অনুযায়ী বিশেষ অধিকার সম্বলিত দলিলাদি পরিদর্শনযোগ্য হবে না। | - |
| ১৫. | বার্ষিক অডিট বরাদ্দ প্রদান (জাতীয় বা দেশব্যাপী সমবায়) | জাতীয় বা দেশব্যাপী সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক বা নির্বাহী কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে নিবন্ধক কর্তৃক একজন সমবায় কর্মকর্তা বা কর্মচারির নামে অডিট বরাদ্দ প্রদান করা হয়। তাছাড়াও প্রত্যেক জাতীয় বা দেশব্যাপী সমবায় সমিতির প্রতি সমবায় বর্ষের বার্ষিক অডিট নিবন্ধক নিজ উদ্যোগে বরাদ্দ প্রদান করেন | |
| ১৬. | অডিট ফি জমা গ্রহণ | ১. অডিট অফিসার কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবেদন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে অডিট ফি ও সিডিএফ নির্ধারণ<br>৪. বিধি ১০৭ মোতাবেক, অফিস থেকেই নির্ধারণ করা হয়ে থাকে।)<br>৫. অডিট ফি ট্রেজারী চালান কোড ১-৩৮৩১-০০০০-২০২৯ মাধ্যমে ব্যাংকে জমা প্রদান<br>৬. ট্রেজারি চালানের কপি উপজেলা সমবায় অফিসে জমা প্রদান<br>৭. সিডিএফ এর টাকা ডিডি আকারে-বা অনলাইনে বাংক হিসাব নং এ জমা প্রদান | (এপ্রিল-জুন)/২২ অর্থাৎ (তিন) মাসে ৬৬,১৬০/- (ছেষট্টি হাজার একশত ষাট) টাকা নিরীক্ষা ফি আদায় করা হয়েছে। |
| ১৭. | সিডিএফ জমা গ্রহণ | ১. অডিট অফিসার কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবে দন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে সিডিএফ নির্ধারণ<br>৪. ধারা ৩৪(১)(গ) মোতাবেক নীট লাভের ৩%, অফিস থেকেই নির্ধারণ করা হয়ে থাকে।)<br>৫. সিডিএফ এর টাকা ডিডি আকারে বা অনলাইনে বাংক হিসাব নং এ জমা প্রদান<br>৬. কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফান্ড (সঞ্চয়ী)০১০০০১৫৫৫৭৫৭০<br>৭. কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফান্ড (চলতি) ০১০০০১৫২৮৭৮৩১ | এপ্রিল-জুন/২২ অর্থাৎ ৩ (তিন) মাসে ৭৫,৩০,৩১১/- ( পঁচাত্তর লক্ষ ত্রিশ হাজার তিনশত এগার) টাকা সিডিএফ আদায় করা হয়েছে। |

## ২) অভ্যন্তরীণ সেবা

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১. | উচ্চতর গ্রেড মঞ্জুরি<br>**(২য়/৩য়/৪র্থ শ্রেণির জন্য)** | ১. একই পদে চাকরির ১০বৎসর পূর্তিতে ১ম এবং পরবর্তী ৬ বৎসর চাকরি পূর্তিতে ২য় উচ্চতর গ্রেড মঞ্জুর।<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল<br><br>আবেদন পাওয়ার পর জাতীয় পে-স্কেল ২০১৫ এর ৭ ধারা মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অফিস আদেশের মাধ্যমে। | ২য় শ্রেণি ২৩ জন, ৩য় শ্রেণি ১৭ জন এবং ৪র্থ শ্রেণির ৫জন সহ সর্বমোট ৪৫ জনের উচ্চতর গ্রেড মঞ্জুর করা হয়েছে। |
| ২. | উচ্চতর গ্রেড মঞ্জুরির আবেদন অগ্রায়ন<br>(১ম শ্রেণির জন্য) | ১. একই পদে চাকরির ১০বৎসর পূর্তিতে ১ম এবং পরবর্তী ৬ বৎসর চাকরি পূর্তিতে ২য় উচ্চতর গ্রেড মঞ্জুর।<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল<br><br>মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ১ম শ্রেণির ১০ জনের উচ্চতর গ্রেড মঞ্জুরের জন্য অগ্রায়ন করা হয়েছিল এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে তা মঞ্জুর করা হয়েছে। |
| ৩. | চাকরি স্থায়ীকরণ<br>(২য়/৩য়/৪র্থ শ্রেণির) | ১. চাকরি ২ বছর পূর্তি<br>২. মৌলিক প্রশিক্ষণ<br>৩. পেশাগত প্রশিক্ষণ সমাপ্তি<br>৪. কর্তৃপক্ষের মাধ্যম্যে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হয়। | ২য় শ্রেণির ৫ জনের চাকরি স্থায়ীকরণ করা হয়েছে। |
| ৪. | চাকরি স্থায়ীকরণ<br>(১ম শ্রেণির) | ১. চাকরি ২ বছর পূর্তি<br>২. বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্তি<br>৩. পেশাগত প্রশিক্ষণ সমাপ্তি<br>৪. বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ<br>৫. কর্তৃপক্ষের মাধ্যম্যে আবেদন<br>মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ১ম শ্রেণির ২ জনের চাকরি স্থায়ীকরণ করা হয়েছে। |
| ৫. | শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি | ১. সর্বশেষ শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগের পর ৩ বছর পূর্তি<br>২. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ<br>৩. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর শ্রান্তি ও বিনোদন ভাতা বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | ১ম শ্রেণির ১ জন, ২য় শ্রেণি-২ জন, ৩য় শ্রেণি-১ জন, ৪র্থ শ্রেণি-১ জনসহ সর্বমোট ৫ জনের শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৬. | অর্জিত ছুটি মঞ্জুরি (দেশের | ১. যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ | ৩য় শ্রেণির ৩ জন এবং ৪র্থ শ্রেণির ২ জনসহ সর্বমোট ৫ জনের |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | অভ্যন্তরে) | ২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | অর্জিত ছুটি (দেশের অভ্যন্তরে) মঞ্জুর করা হয়েছে। |
| ৭. | অর্জিত ছুটি মঞ্জুরি (বহিঃবাংলাদেশ) | ১. যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুসঙ্গিক নির্দেশনা অনুসরণীয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ১ম শ্রেণির ২ জন, ২য় শ্রেণির ৯ জন, ৩য় শ্রেণির ২১ জন ও ৪র্থ শ্রেণির ২ জনসহ সর্বমোট ৩৪ জনের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর কর হয়েছে। |
| ৮. | মাতৃত্বকালীন ছুটি | ১. সন্তান প্রসবের সম্ভব্য তারিখ উল্লেখসহ ডাক্তারি সনদ সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর মাতৃত্বকালীন ছুটি বিএসআর, পার্ট-১ এর বিধি ১৯৭ এবং অর্থ মন্ত্রণালয় থেকে সময়ে সময়ে জারীকৃত পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ৪র্থ শ্রেণির ১ জনের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৯. | অবসরোত্তর ছুটি (ছুটি নগদায়নসহ) | ৫৯ বছর পূর্তির ৩ মাস পূর্বে হিসাব রক্ষণ অফিস হতে ইএলপিসি সংগ্রহ<br>কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর অবসরউত্তর ছুটি সরকারি চাকরি আইন ২০১৮ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ১ম শ্রেণির ৩ জন, ২য় শ্রেণির ১১ জন, ৩য় শ্রেণির ২ জনসহ সর্বমোট ১৬ জনের অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ১০. | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | ১. সাধারণ ভবিষ্য তহবিলের জমার স্থিতিপত্র সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | ১.অগ্রিম উত্তোলন নিষ্পত্তি করা হয়েছে-৫২টি<br>২.অফেরৎযোগ্য উত্তোলন নিষ্পত্তি করা হয়েছে-২৪টি<br>৩.চূড়ান্ত উত্তোলন নিষ্পত্তি করা হয়েছে-৩৭টি। |
| ১১. | সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরিকৃত অগ্রিমে কিস্তি বৃদ্ধি/কিস্তি বন্ধকরণ | ১. অগ্রিম মঞ্জুরির আদেশ গ্রহণ<br>২. বেতন হতে কর্তনের হিসাব সংগ্রহ<br>৩. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের | কিস্তি বন্ধকরণ-০১টি |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | |
| ১২. | টেলিফোন(দাপ্তরিক ও আবসিক) সংযোগ প্রদান | প্রাপ্যতা থাকা সাপেক্ষে সাদা কাগজে আবেদন<br><br>সমন্বিত সরকারি টেলিফোন নীতিমালা ২০০৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ | - |
| ১৩. | গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পর্যালোচনাপূর্বক প্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - |
| ১৪. | মোটরযান ক্রয় অগ্রিম মঞ্জুরি | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পর্যালোচনাপূর্বকপ্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - |
| ১৫. | কম্পিউটার ক্রয় অগ্রিম | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>আবেদন পর্যালোচনাপূর্বকপ্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | - |
| ১৬. | সরকারি বাসা বরাদ্দ আবেদন অগ্রায়ন | নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br><br>বাসা বরাদ্দ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রদান করা হয়। এ অফিস থেকে আবেদনপত্র অগ্রায়ন করা হয়। সরকারি বাসা বরাদ্দ নীতিমালা ১৯৮২ rules 1982) অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে বরাদ্দপত্র ইস্যু করা হয়। | ৪টি আবেদন আবাসন পরিদপ্তরে অগ্রায়ন করা হয়েছে। |
| ১৭. | পেনশন আনুতোষিক মঞ্জুরি | পেনশন সহজিকরণ আদেশ ২০২০ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন<br><br>প্রয়োজনীয় নথিপত্র এবং না-দাবী সনদপত্রসমূহ পযালোচনাপূর্বক মন্তণালয়ের অনুমোদন সাপেক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা- কর্মচারী বা মৃত কর্মচারির বৈধ উত্তরাধিকারীর অনুকূলে পেনশনের আদেশ জারি করা হয়। | ১. ১ম শ্রেণির ০৯ জন কর্মকর্তার পেনশন আনুতোষিক মঞ্জুরির নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রয়োজনীয় কাগজপত্র অগ্রায়ন করা হয়েছে।<br>২. ২য় শ্রেণির ০৬ জন কর্মকর্তার পেনশন আনুতোষিক মঞ্জুর করা হয়েছে।<br>৩. ৩য় শ্রেণির নেই।<br>৪. পারিবারিক পেনশন ০২টি মঞ্জুর করা হয়েছে। |
| ১৮. | পাসপোর্টের জন্য এনওসি প্রদান | নির্ধারিত ফরম পূরণপূর্বক নিজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল | ১ম শ্রেণির ৫সহ সর্বমোট ০৮ জনের এনওসি প্রদান করা হয়েছে। |

২৭/০৬/২২

**মোঃ জিয়াউল হক চৌধুরী**
**রিসার্চ ইনভেস্টিগেটর (এমআইএস)**
**সমবায় অধিদপ্তর**